

পেমেন্ট সিস্টেমস ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

পিএসডি সার্কুলার নং- ০৯/২০২১

তারিখ: ১৬ আষাঢ় ১৪২৮
৩০ জুন ২০২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
সকল তফসিলি ব্যাংক
সকল মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসেস প্রোভাইডার
সকল পেমেন্ট সার্ভিস প্রোভাইডার
সকল পেমেন্ট সিস্টেমস অপারেটর

প্রিয় মহোদয়,

COVID-19 উদ্ভূত পরিস্থিতিতে নিরবচ্ছিন্ন ব্যাংকিং ও পরিশোধ সেবা কার্যক্রম অব্যাহত রাখা প্রসঙ্গে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মন্ত্রিপরিষদ বিভাগের ৩০-০৬-২০২১ তারিখের স্মারক নং ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.২০৩, ডিপার্টমেন্ট অব অফসাইট সুপারভিশন-এর সার্কুলার লেটার নং- ২৭ এবং এ বিভাগের ০৪-০৪-২০২১ তারিখের সার্কুলার নং ০৪/২০২১ এর অনুবৃত্তিক্রমে সরকার ঘোষিত সার্বিক কার্যাবলী/চলাচলে নিষেধাজ্ঞা চলাকালীন সময়ে জরুরী ব্যাংকিং, এমএফএস এবং পরিশোধ সেবা পরিচালনা বিষয়ে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা যাচ্ছে-

১. ব্যাংক, এমএফএস ও সকল ধরনের আর্থিক সেবা প্রদানকারী প্রতিষ্ঠান গ্রাহক সেবা প্রদানের ক্ষেত্রে ICT-সহ স্ব স্ব Critical Service Management-এর ক্ষেত্রে Key Person চিহ্নিত করে তালিকা তৈরী করবে এবং বিশেষ পরিস্থিতিতে সেবা চালু রাখার জন্য জরুরী ভিত্তিতে Business Continuity Plan (BCP) প্রণয়ন করবে;
২. সরকার ঘোষিত সার্বিক কার্যাবলী/চলাচলে নিষেধাজ্ঞা আরোপকালীন সময়ে ব্যাংক, পিএসপি, পিএসও এবং এমএফএস জরুরী ও অত্যাবশ্যকীয় বিবেচনায় সংশ্লিষ্ট প্রোভাইডারগণ স্ব স্ব সিস্টেম, ডিস্ট্রিবিউশন ও এজেন্ট চ্যানেল নিরবচ্ছিন্ন ও সচল রাখবে;
৩. গ্রাহকগণের চাহিদা অনুযায়ী সরবরাহের জন্য ব্যাংকের ক্যাশ কাউন্টার, Automated Teller Machine (ATM), এজেন্ট ব্যাংকিং-এর এজেন্ট পয়েন্ট এবং মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসেস (এমএফএস)-এর এজেন্ট পয়েন্টসমূহে নগদ অর্থ ও ই-মানি (প্রয়োজ্য ক্ষেত্রে) সরবরাহের সেবা নিরবচ্ছিন্নভাবে নিশ্চিত করবে এবং লেনদেনের স্থানসমূহ অর্থাৎ ব্যাংক, ATM, POS ও এজেন্ট পয়েন্টসমূহ নিয়মিতভাবে জীবাণুমুক্ত ও তদস্থলে হ্যান্ড স্যানিটাইজার রাখার ব্যবস্থা গ্রহণ করবে;
৪. ব্যাংকসমূহ তাদের ATM চ্যানেল সার্বক্ষণিক সচল রাখা এবং চাহিদা অনুযায়ী দ্রুততম সময়ের মধ্যে ATM মেশিনে ক্যাশ ফিডিং-এর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। ATM এ টাকা উত্তোলনের ক্ষেত্রে সর্বোচ্চ সীমার ন্যূনতম পরিমাণ হবে ০১ (এক) লক্ষ টাকা এবং On-us এবং Off-us উভয়ক্ষেত্রেই টাকা উত্তোলনের একক লেনদেনের ন্যূনতম পরিমাণ একই হবে;
৫. ক) ২৪/৭ গ্রাহক লেনদেন সুবিধা প্রদানের লক্ষ্যে অনলাইন ব্যাংকিং লেনদেন সেবা প্রদানকারী ব্যাংকসমূহ উক্ত সেবা নিরবচ্ছিন্ন রাখবে;

খ) সার্বিক কার্যাবলী/চলাচলে নিষেধাজ্ঞা চলাকালীন সময় জনসাধারণকে ইলেক্ট্রনিক পদ্ধতিতে লেনদেনে উদ্বুদ্ধ করার লক্ষ্যে এনপিএসবি-এর মাধ্যমে ইন্টারনেট ব্যাংকিং ফান্ড ট্রান্সফার (IBFT) লেনদেনের উর্ধ্বসীমা নিম্নোক্তভাবে পুনর্নির্ধারণ করা হলো-



পরবর্তী পৃষ্ঠায় দৃষ্টব্য-

পূর্ববর্তী পৃষ্ঠার পর:

ব্যক্তিক			প্রাতিষ্ঠানিক		
দৈনিক লেনদেনের সর্বোচ্চ সীমা	একক লেনদেনের সর্বোচ্চ সীমা	দৈনিক লেনদেনের সর্বোচ্চ সংখ্যা	দৈনিক লেনদেনের সর্বোচ্চ সীমা	একক লেনদেনের সর্বোচ্চ সীমা	দৈনিক লেনদেনের সর্বোচ্চ সংখ্যা
১০,০০,০০০ টাকা	৩,০০,০০০ টাকা	১০ টি	২৫,০০,০০০ টাকা	৫,০০,০০০ টাকা	২০ টি

গ) ইন্টারনেট ব্যাংকিং লেনদেনের ক্ষেত্রে 2 Factor Authentication (2FA) নিশ্চিত করতে হবে।

৬. জরুরী আন্তর্জাতিক লেনদেন সম্পন্ন করার সুবিধার্থে সরকার ঘোষিত সার্বিক কার্যাবলী/চলাচলে নিষেধাজ্ঞা আরোপকালীন সময়ে নিম্নোক্ত সূচি মোতাবেক Bangladesh Automated Clearing House (BACH) এর কার্যক্রম চলমান থাকবে:


ক) BACPS এর High Value Clearing- Presentment Cut off Time- 11:30 AM,
Return Cut off Time- 01:00 PM এবং
Regular Value Clearing- Presentment Cut off Time- 12:00 AM,
Return Cut off Time- 2:00 PM

খ) উপর্যুক্ত দিনগুলিতে BEFTN এর দুটি সেশন বিদ্যমান সময়সূচি অনুযায়ী চালু থাকবে।

৭. Real Time Gross Settlement (RTGS)-এর মাধ্যমে লেনদেনের সময়সূচি সকাল ১০:০০ ঘটিকা হতে দুপুর ১:৩০ ঘটিকা পর্যন্ত নির্ধারণ করা হলো। তবে, কাস্টমস গুণ্ণ-করাদি, ফি, চার্জ প্রভৃতি পরিশোধ ও আন্তর্জাতিক লেনদেন RTGS-এর মাধ্যমে ২.৩০ ঘটিকা পর্যন্ত পরিশোধ করা যাবে;

৮. সকল ব্যাংক, এমএফএস, পিএসপি এবং পিএসও সমূহ স্ব স্ব সিস্টেম অবকাঠামোর উপর সতর্ক নজরদারী রাখবে এবং সিস্টেম ও ডেটাবেইজে সাইবার আক্রমণের ঝুঁকি মোকাবেলার জন্য ই-মেইল, ফিশিং ই-মেইল, র্যানসামওয়্যার আক্রমণ ইত্যাদি বিষয়ে বিশেষ নজরদারী পরিচালনা করবে। একইসাথে সংশ্লিষ্ট সকল পক্ষকে লেনদেন সংক্রান্ত প্রতারণা ও স্যোশাল মিডিয়া, ই-মেইল, মোবাইল ফোন-এর মাধ্যমে COVID-19 ভিত্তিক আর্থিক প্রতারণার বিষয়ে সতর্ক করবে। পরিবর্তিত পরিস্থিতি অনুযায়ী সকল অবকাঠামো যথারীতি চালু রাখতে হবে এবং এ সংক্রান্ত নিরাপত্তা ও সাইবার ঝুঁকির বিষয়ে সতর্ক থাকতে হবে;

পরবর্তী নির্দেশনা প্রদানের পূর্ব পর্যন্ত উপর্যুক্ত নির্দেশনাসমূহ বলবৎ থাকবে।



(মোঃ মেজবাবুল হক)

মহাব্যবস্থাপক

ফোন: ০২-৯৫৩০১৭৪